

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

নং-৪৬.০০.০০০০.০৬৩.০২.০০১.১৬-৬৪৫

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

প্রেরক : মোঃ আবদুর রউফ মিয়া
উপ সচিব
স্থানীয় সরকার বিভাগ।

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।

বিষয়: “নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প” (City Region Development Project)-এর অনুকূলে ২০১৫-২০১৬ অর্থ বছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচী(আরএডিপি)-তে বরাদ্দকৃত অর্থের ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণ।

স্থানীয় সরকার বিভাগের ১৮.০৫.২০১৬ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.০২.০০১-৫৭৯ নং সরকারি আদেশে অনুমোদিত খোক বরাদ্দের বিভাজন অনুযায়ী আমি এ মর্মে আদিষ্ট হয়ে জিওবি বরাদ্দ হতে নিম্নরূপ অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি :

বাস্তবায়নকারী সংস্থার নাম	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/ অননুমোদিত	কিস্তির নাম	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর	“নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প” (৫৪০০)	অনুমোদিত	৪র্থ	২৫০.০০ লক্ষ	৩১৭৫.০০ লক্ষ	৩৪২৫.০০ লক্ষ (চৌত্রিশ কোটি পঁচিশ লক্ষ) টাকা।

২। এ ব্যয় বর্তমান অর্থ বছরের (২০১৫-২০১৬) সংশোধিত বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪ হিসাবের খাত ৫/৩৭০০/৩৭৩১/৫৪০০ হতে বহন করা হবে;

৩। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে (তবে শুদ্ধ, মূল্য সংযোজন কর এবং পূর্ণতরফযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দকৃত টাকা এ অংকের বহির্ভূত);

৪। এ বরাদ্দের অধীন ব্যয় অনুমোদিত ডিপিতে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করতে হবে এবং মোট ব্যয় অনুমোদিত ডিপিতে নির্ধারিত ব্যয়ের অতিরিক্ত হবে না;

৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ডিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় অর্থিক বিধি বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

৬। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন ২০১৬ এর মধ্যে সমর্পণ করতে হবে;


৭। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৮। পরিকল্পনা বিভাগের কার্যক্রম বিভাগের শর্তাবলী অনুসরণ করতে হবে;

৯। প্রকল্প পরিচালক, ডিপিপিতে বর্ণিত শর্ত সাপেক্ষে রাজস্ব ও মূলধন ব্যয় এবং এর আয়ন-ব্যয়ন ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন;

১০। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০ নং স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে ইহা জারী করা হ'ল।

১১। অর্থ বিভাগের ৩০.০৫.২০১৬ তারিখের ০৭.১১১.০১৪.০১.৩১.০৫৭.২০১০-২৭৭ নং স্মারকে প্রদত্ত ক্ষমতাবলে ইহা জারী করা হ'ল।



(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব
ফোন: ৯৫১৪১৪২

নং-৪৬.০০.০০০০.০৬৩.০২.০০১.১৬-৬৪৫/২৬৬

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৩ বঙ্গাব্দ
৩১ মে ২০১৬ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ অতিরিক্ত সচিব, বাজেট-২)।
- ২। সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। প্রধান প্রকৌশলী, এলজিইডি, ঢাকা।
- ৪। উপ-প্রধান, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রকল্প পরিচালক, “নগর অঞ্চল উন্নয়ন প্রকল্প” (City Region Development Project)-এলজিইডি, ঢাকা।
- ৬। সহকারী কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(মোঃ আবদুর রউফ মিয়া)
উপ সচিব